গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭
www.mod.gov.bd

নম্বর ২৩.০০.০০০০.১০০.৭১.০০২.২২.০৪ তারিখ: ০২ শ্রাবণ ১৪২৯ / ১৭ জুলাই ২০২২

বিষয় : দপ্তর/সংস্থা পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের ফিডব্যাক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | মোঃ খায়রুল আলম<br>অতিরিক্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার তারিখ ও সময় | : | ১৭ জুলাই ২০২২, বেলা ১১:৩০ ঘটিকা । |
| সভার স্থান | : | অফিস কক্ষ, প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| সভার উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক'। |

২. সভাপতি দপ্তর/সংস্থার 'নৈতিকতা কমিটি'র ফোকাল পয়েন্টগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভে তিনি দপ্তর/সংস্থার ২০২১-২২ অর্থবছরের নির্ধারিত ছক অনুয়ায়ী প্রস্তুতকৃত জাতীয় শূদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করেন।

৩. অত:পর প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার ৪র্থ প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পৃথকভাবে সভায় উপস্থাপন করা হয়। প্রতিবেদন উপস্থাপনকালে দেখা যায় কিছু সংখ্যক দপ্তর/সংস্থার প্রতিবেদন সঠিকভাবে প্রতিফলিত হয়নি। সভায় জানানো হয় যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ওয়েবসাইটে প্রদর্শিত 'ছক' অনুসারে শুদ্ধাচার পরিকল্পনা তৈরী করতে হবে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করে কর্মপরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করা হয় এবং পরিকল্পনা তৈরির ক্ষেত্রে কোন অসুবিধা হলে যোগাযোগ করার জন্য বলা হয়। যে সমস্ত দপ্তর/সংস্থার ৪র্থ প্রান্তিকের অগ্রগতির প্রতিবেদন যথাযথভাবে সম্পন্ন হয় নাই, তাদেরকে প্রতিবেদন সংশোধন করে আগামী ০৭ দিনের মধ্যে হার্ড কপি জমা দেওয়ার জন্য অভিমত জানানো হয়। সভাপতির সম্মতিক্রমে সেনা, নৌ ও বিমানসহ বেশ কিছু দপ্তর সংস্থার ফোকাল পয়েন্টগণ তাঁদের দপ্তরের শুদ্ধাচার সম্পৃক্ত কার্যক্রম মৌখিকভাবে অবহিত করেন। সভায় অবহিত করা হয় যে, ইতোমধ্যে অনুষ্ঠিত শুদ্ধাচার পরিকল্পনা ও বাস্তবায়ন শীর্ষক কর্মশালার নির্দেশনা অনুযায়ী ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার পরিকল্পনা প্রস্তুত করে তা বাস্তবায়নের অনুরোধ জানানো হলে তা একমত পোষণ করে। সভাপতি তাঁদের শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রমের জন্য সাধুবাদ জানান এবং এ ধারা অব্যাহত রাখার আহ্বান জানান।

৪. বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

ক) যে সকল দপ্তর/সংস্থা ২০২২-২৩ ০অর্থবছরের কর্ম-পরিকল্পনা প্রেরণ করেন নাই, তাদেরকে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রতিবেদন প্রেরণ করতে হবে;

খ) ২০২২-২৩ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পার প্রথম প্রান্তিক প্রতিবেদন ১০/১০/২০২২ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে; এবং

গ) যে সকল দপ্তর/সংস্থা কর্তৃক প্রতিবেদন যথাযথভাবে প্রণয়ন করা হয় নাই, তাঁদের সকলকে অভ্যন্তরীনভাবে গ্রুপভিত্তিক সভা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে।

৫. সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খায়রুল আলম)
অতিরিক্ত সচিব
এবং
ফোকাল পয়েন্ট
নৈতিকতা কমিটি
প্রতিরক্ষা মন্ত্রণালয়

নম্বর ২৩.০০.০০০০.১০০.৭১.০০২.২২.০৪

তারিখ: ০২ শ্রাবণ ১৪২৯ / ১৭ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(১) সচিব সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ: আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ)
(২) সেনাসদর, জি এস শাখা, এস ডি পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৩) পরিচালক, পরিকল্পনা পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা।
(৪) বিমান সদর, প্রশাসনিক সমন্বয় পরিদপ্তর, প্রশাসনিক শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৫) মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(৬) কমান্ড্যান্ট, ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা
(৭) সভাপতি ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদ, এ জি'র শাখা (সমন্বয়) সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৮) মহাপরিচালক, সামরিক চিকিৎসা সার্ভিসেস মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
(৯) কমান্ড্যান্ট, সামরিক বাহিনী কমান্ড এন্ড ষ্টাফ কলেজ, মিরপুর সেনানিবাস, ঢাকা।
(১০) কমান্ড্যান্ট, বাংলাদেশ সমরাস্ত্র কারখানা, গাজীপুর সেনানিবাস
(১১) মহাপরিচালক, প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তর, নতুর বিমান বন্দর সড়ক, ঢাকা
(১২) চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা
(১৩) কমান্ড্যান্ট, এম আই এস টি, মিরপুর সেনানিবাস, ঢাকা
(১৪) কমান্ড্যান্ট, আর্মড ফোর্সেস মেডিক্যাল কলেজ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৫) মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(১৬) মহাপরিচালক, বাংলাদেশ ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর, উত্তরা, ঢাকা।
(১৭) সার্ভেয়ার জেনারেল, সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকা
(১৮) সিজিডিএফ, সিজিডিএফ এর কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা
(১৯) পরিচালক, পূর্ত পরিদপ্তর, ই-ইন-সি'র শাখা, সেনাসদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২০) পরিচালক, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
(২১) মহাপরিচালক, প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২২) প্রেসিডেন্ট, আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৩) পরিচালক, গুপ্তসংকেত পরিদপ্তর, প্রতিরক্ষা মন্ত্রণালয়
(২৪) অধিনায়ক, এম ও ডি সি, রাজেন্দ্রপুর সেনানিবাস গাজীপুর
(২৫) পরিচালক, আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা
(২৬) পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, কাকরাইল, ঢাকা

<u>অনুলিপি:</u>

১। উপসচিব ও বিকল্প ফোকাল পয়েন্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-২) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১৭/০৭/২২

(মোহাম্মদ গোলাম কবির)
উপসচিব
ফোন: ৫৮১৫২৬২২